

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৩৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামের জন্য বৈধ আছে সালাতকে হালকা করা, যখন তিনি জানবেন যে, তার পিছনে ব্যস্ত মানুষ রয়েছে, যার সেখানে ফিরে যাওয়া প্রয়োজন

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُخَفِّفِ صَلَاتَهُ إِذَا عَلِمَ أَنَّ خَلْفَهُ مَنْ لَهُ شُغْلٌ يَحْتَاجُ أَنْ يَرْجِعَ إِلَيْهِ

আরবী

2136 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرِيْعٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى يَزِيدُ بْنُ زُرِيْعٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنِّي لَأَدْخُلُ فِي الصَّلَاةِ أُرِيدُ أَنْ أُطيلها فَأَسْمَعَ بُكَاءَ الصَّبِيِّ فَأُخَفِّفَ مِمَّا أَعلمُ مِنْ شِدَّةِ وَجْدِ أُمِّهِ به)

الراوي: أُنَس | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2136 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (755)

বাংলা

২১৩৬. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমি সালাতে প্রবেশ করি এই ইচ্ছা নিয়ে যে, আমি সালাতকে দীর্ঘ করবো, অতঃপর আমি শিশুর কান্না শুনতে পাই ফলে আমি সালাত হালকা করে আদায় করি। কেননা আমি জানি এতে তার মা প্রচন্ড কষ্ট অনুভব করে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৪৭০; সুনান বাইহাকী: ২/৩৯৩; সহীহ আল বুখারী: ৭১০; ইবনু মাজাহ: ৯৮৯; বাগাবী, শারহুস সুনাহ: ৮৪৫; তিরমিযী: ৩৭৬; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬১০; মুসানাফ ইবনু আবী শায়বাহ: ২/৫৭।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন